

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
dls.dowarabazar.sunamganj.gov.bd

স্মারক নং ৩৩.০১.৯০৩৩.০০০.১৮.০০২.১৯-২০৬

তারিখঃ ০১/০৮/২০১৯ খ্রি.

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত প্রতিটি ইউনিয়নে (দোয়ারাবাজার সদর ইউনিয়ন ব্যতিত) প্রাথমিকভাবে ০৩(তিন) জন করে একটি তালিকা আগ্রহী প্রার্থীদের মধ্যে হতে নির্বাচন করে প্রকল্প পরিচালক, লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা বরাবর প্রেরণ করা হবে। পরবর্তীতে উক্ত তালিকার মধ্য থেকে র্যান্ডম পদ্ধতিতে প্রকল্প পরিচালক নির্ধারিত ইউনিয়নের জন্য ০১(এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Lvestock Service Provider(LSP) চূড়ান্তভাবে নির্বাচন করবেন। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, নাগরিকত্ব সনদপত্র, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের আগামী ২১/০৮/২০১৯ খ্রি. তারিখের মধ্যে নিম্নসাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের অনুরোধ করা হলো।

আবেদনপত্র জমাদানের শুরুর তারিখ	০১/০৮/২০১৯ খ্রিস্টাব্দ
আবেদনপত্র জমাদানের শেষ তারিখ	২১/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

১. সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই(এলএসপি) হিসেবে আবেদন করতে পারবেন।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/অথবা এনএটিপি এর সীল/এ.আই টেকনিশিয়ানদের আবেদন করার প্রয়োজন নেই।

(ডাঃ আব্দুল কাহির)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ২। উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৪। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ। তাকে তার ইউনিয়নে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উদ্যোক্তা,.....ইউনিয়ন ডিজিটাল সেন্টার। পরিষদের ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক-প্রেসক্লাব, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

অনুলিপিঃ

- ১। নোটিশ বোর্ড।
- ২। অফিস নথি।

(ডাঃ আব্দুল কাহির)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

